

সরকারি বিএম কলেজ, বরিশাল

বিজ্ঞপ্তি

১২/০৮/২০১৮

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি ব্রজমোহন কলেজে 'ব্রজমোহন কলেজ জার্নাল' নামে একটি জার্নাল প্রকাশের জন্য প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। অত্রহী প্রবন্ধাকারগণকে সংযুক্ত নিয়মাবলী অনুসরণ করে আগামী ১০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে সম্পাদক 'ব্রজমোহন কলেজ জার্নাল' বরাবর ইমেইল ও হার্ড কপির মাধ্যমে প্রবন্ধ প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।



(প্রফেসর মোঃ শফিকুর রহমান শিকদার)

অধ্যক্ষ

সরকারি বিএম কলেজ, বরিশাল।



(ড. মোঃ এহতেশাম উল হক)

সম্পাদক

ব্রজমোহন কলেজ জার্নাল

সরকারি বিএম কলেজ, বরিশাল।

ই-মেইল: ehtesham\_hoque@yahoo.com

# সরকারি বি এম কলেজ, বরিশাল

## “ব্রজমোহন কলেজ জার্নাল” এর জন্য প্রবন্ধ আহ্বান

সরকারি বি এম কলেজ, বরিশাল হতে “ব্রজমোহন কলেজ জার্নাল” প্রকাশ হতে যাচ্ছে। এই জার্নালে যে কোন বিষয়ে গবেষণা প্রবন্ধ ছাপা হবে। উল্লেখ্য, এ ক্ষেত্রে বাংলাদেশ ও শিক্ষা বিষয়ক প্রবন্ধসমূহকে অগ্রাধিকার দেয়া হবে। আগ্রহী প্রাবন্ধিক আগামী ১০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দের মধ্যে বাংলা অথবা ইংরেজি ভাষায় লিখিত প্রবন্ধ জমা দিতে পারেন।

কোনো প্রতিষ্ঠান হতে প্রকাশিত (আংশিক অথবা সম্পূর্ণ) অথবা কোনো প্রতিষ্ঠানে প্রকাশের জন্য দাখিল করা প্রবন্ধ গ্রহণযোগ্য নয়। প্রকাশিত প্রবন্ধের যে সব বৈশিষ্ট্য জার্নালের সম্পাদকমণ্ডলী প্রত্যাশা করেন, তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপ:

১. প্রবন্ধের মৌলিকত্ব থাকতে হবে;
২. প্রবন্ধটি স্বীকৃত গবেষণা পদ্ধতি অনুযায়ী রচিত হতে হবে;
৩. বাংলা ও ইংরেজি উভয় প্রবন্ধের ক্ষেত্রে অনূর্ধ্ব ১০০ শব্দের একটি সারসংক্ষেপ থাকতে হবে;
৪. বাংলা প্রবন্ধের বানান হবে বাংলা একাডেমি প্রমিত বানান রীতি অনুযায়ী, তবে উদ্ধৃতির বেলায় মূল বানানের কোনো পরিবর্তন করা যাবে না;
৫. বাংলা প্রবন্ধের ক্ষেত্রে ফন্টের আকার হবে ১৪ ও ফন্ট হবে বিজয় সফটওয়্যারের ‘সুতরী এম জে’ এবং ইংরেজি প্রবন্ধের ক্ষেত্রে ফন্টের আকার হবে ১২ ও ফন্ট হবে Times New Roman;
৬. শিকাগো/MLA/APA শৈলী অনুযায়ী প্রবন্ধের তথ্য নির্দেশ, পাদটীকা ইত্যাদি প্রদান করতে হবে;
৭. প্রবন্ধের পরিসর পাঁচ হাজার শব্দের মধ্যে হওয়া বাঞ্ছনীয়।
৮. একই তথ্য টেবিল ও লেখচিত্রে যৌথভাবে প্রদর্শন না করাই শ্রেয়। শিরোনাম লেখার ক্ষেত্রে নির্দিষ্ট নিয়ম অনুসরণ করতে হবে।
৯. ইউনিট লেখার প্রয়োজন হলে Singular form এ লিখে শেষে কমা (,) ব্যবহার করতে হবে, যেমন: cm, m, m<sup>2</sup>, kg, kg/m ইত্যাদি।

সম্পাদকের ঠিকানায় A4 সাইজের কাগজে এক পৃষ্ঠায় ডাবল স্পেসে টাইপকৃত প্রবন্ধের দুই কপি পাণ্ডুলিপি এবং একটি সফটকপি জমা দিতে হবে। প্রবন্ধের আখ্যাপত্রে প্রবন্ধকারের প্রাতিষ্ঠানিক পদমর্যাদাসহ যোগাযোগের ঠিকানা (মোবাইল নম্বর ও ই-মেইলসহ) থাকতে হবে।

কেবলমাত্র মনোনীত প্রবন্ধের প্রবন্ধকারদের সাথে যোগাযোগ করা হবে। রিভিউয়ার কর্তৃক অমনোনীত প্রবন্ধের বিষয়ে সম্পাদকমণ্ডলী কোন দায়িত্ব গ্রহণ করবেন না।



(ড. মোঃ এহতেশাম উল হক)

সম্পাদক

ব্রজমোহন কলেজ জার্নাল

সরকারি বি এম কলেজ, বরিশাল।

যোগাযোগের ঠিকানা :

ড. মোঃ এহতেশাম উল হক

সহযোগী অধ্যাপক, রসায়ন

সরকারি বি এম কলেজ, বরিশাল।

ই-মেইল : ehtesham\_hoque@yahoo.com

ফোন নং : ০৪৩১-২১৭৬০২৫ (অফিস)

০১৭২৬৩৯৩৮৪৫ (মোবাইল)